



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞ:২৩৯/১৩- ৩৯

তারিখঃ ০৯ ডিসেম্বর ২০১৮

বরাবর

প্রধান প্রতিবেদক/বার্তা সম্পাদক

বিষয়ঃ “মানবাধিকার দিবস ২০১৮” এর অনুষ্ঠান কাভারের অনুরোধ

জনাব,

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ- এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা নেবেন।

আগামী ১০ ডিসেম্বর ২০১৮ তারিখ “মানবাধিকার দিবস ২০১৮” উপলক্ষে জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ ও ইউএনডিপি কর্তৃক র্যালি, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়েছে।

উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখবেন জনাব. বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন, প্রধান বিচারপতি, বাংলাদেশ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জনাব মাহবুব উজ্জ্বল জামান, সচিব-দ্বিপাক্ষিক (এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয়), পররাষ্ট্র মন্ত্রণালয়; শার্লোটা শ্লাইটার, রাষ্ট্রদূত, সুইডেন; রেনে হোলেনস্টাইন, রাষ্ট্রদূত, সুইজারল্যান্ড; এলিসন ব্লেক, বৃটিশ হাই-কমিশনার; মিয়া সেপ্পো, জাতিসংঘের আবাসিক সমন্বয়ক; শিলা হাফিজা, নির্বাহী পরিচালক, আইন ও সালিশ কেন্দ্র।

অনুষ্ঠানটি সভাপতিত্ব করবেন কাজী রিয়াজুল হক, মাননীয় চেয়ারম্যান, জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ।

র্যালি অনুষ্ঠিত হবে রমনা পার্কের অরুনোদয় গেটের সামনে দুপুর ২:৩০ টায় এবং আলোচনা সভা অনুষ্ঠিত হবে হোটেল ইন্টারকন্টিনেন্টালের বলরুমে বিকাল ৪:০০ টায়। সভার শেষে সন্ধ্যা ৫:৩০ টায় পিছিয়ে পড়া জনগোষ্ঠীদের অংশগ্রহণে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানটি কাভারের জন্য প্রতিবেদক ও আলোকচিত্রী অ্যাসাইনমেন্ট দিতে বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

ফারহানা সিদ্দিক

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ

মোবাইল: ০১৭৯০৫৩৬৯৩৬

বিঃদ্রঃ অনুষ্ঠানে এই অনুরোধপত্রটি সঙ্গে আনার জন্য অনুরোধ করা হল।